79

ভোরের কাগজ

তারিখ FEB. 5 1999
পৃষ্ঠা 2 কলাম 4

প্রধানমন্ত্রীর আগমনের প্রতিবাদ

# মুখে কালো কাপড় বেঁধে ক্যাম্পাসে আজ ছাত্রদলের মিছিল

**বিশ্ববিদ্যালয় প্রতিবেদক :** একুশে বইমেলা উদ্বোধন করতে প্রধানমন্ত্রীর ঢাকা বিশ্ববিদ্যালয় এলাকায় আসার প্রতিবাদে ছাত্রদল আজ মুখে কালো কাপড় বেঁধে মিছিল সমাবেশ করবে। গতকাল ঢাকা বিশ্ববিদ্যালয় মধুর কেন্টিনে আয়োজিত সংবাদ সম্মেলনে এ ঘোষণা দেওয়া হয়।

সংবাদ সম্মেলনে বলা হয়, বর্তমান সরকারের ক্ষমতায় থাকার কোনো অধিকার নেই। লিখিত বক্তব্যে ছাত্রদলের নিরপরাধ নেতা-কর্মীদের মুক্তি দাবি করা হয়।

সংবাদ সম্মেলনে বক্তব্য রাখেন ভারপ্রাপ্ত সাধারণ সম্পাদক মুন্সী বজলুল বাসিত আঞ্জু। উপস্থিত ছিলেন সভাপতি হাবিব উন নবী সোহেল, মোশারফ হোসেন, মনির হোসেন, মামুন প্রমুখ।